



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, দারুস সালাম, ঢাকা-১২১৬  
www.nimc.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৫.০০০০.৩০১.২৮.১০৪.২২.

তারিখ: ফাল্গুন ১৪২৯  
ফেব্রুয়ারি ২০২৩

### প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৩.০৭.২০২২ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৫১৯.২০২২-১৫৩ নম্বর স্মারকের সুপারিশ এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ০৪.০১.২০২৩ তারিখের ১৫.০০.০০০০.০১৮.১১.০০৩.২১.০৬ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে তীর নামের পার্শ্বে উল্লিখিত পদ ও বেতনস্কেলে (জাতীয় বেতনস্কেল ২০১৫) বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাসহ নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রম	প্রার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর এবং পিতা/মাতার নাম	পদের নাম, বেতন গ্রেড ও স্কেল	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১.	জনাব মোঃ শফিকুল ইসলাম রেজি: নম্বর: ০০০০৮৫ পিতা: মোঃ আজহার আলী আকন্দ মাতা: মৃত জোবেদা খাতুন	ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার গ্রেড: ১০ম স্কেল: ১৬০০০-৩৮৬৪০	গ্রাম: পশ্চিম ভরণশাহী (থানা পাড়া) পোস্ট অফিস: ধুনট পোস্ট কোড: ৫৮৫০ উপজেলা/থানা: ধুনট জেলা: বগুড়া	গ্রাম: পশ্চিম ভরণশাহী (থানা পাড়া) পোস্ট অফিস: ধুনট পোস্ট কোড: ৫৮৫০ উপজেলা/থানা: ধুনট জেলা: বগুড়া

### শর্তাবলিঃ

- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। জনাব মোঃ শফিকুল ইসলাম ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশকালের মেয়াদ প্রয়োজনবোধে বাড়ানো যাবে;
- শিক্ষানবিশ মেয়াদের মধ্যে কিংবা মেয়াদ সমাপ্ত হওয়ার পর তীর কর্মদক্ষতা সন্তোষজনক বিবেচিত হলে তাকে সংশ্লিষ্ট পদে স্থায়ী করা যাবে, পক্ষান্তরে যদি তীর আচরণ ও কর্মমান সন্তোষজনক বিবেচিত না হয়, তা হলে কোন কারণ দর্শানো এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- চাকরিতে যোগদান করার পর ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন তবে উক্ত সময়ের মধ্যে তাকে প্রদত্ত বেতন ভাতা, প্রশিক্ষণ বাবদ ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন।
- তীর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেমন স্থির করবে, তাকে তেমনি পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- তীর জ্যেষ্ঠতা সরকারি বিধিমোতাবেক নির্ধারিত হবে;
- যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঞ্জীকারবদ্ধ হয়ে থাকেন, তবে এ 'প্রজ্ঞাপন' বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যের জন্য কোনো যৌতুক নেবেন না এবং কোনো যৌতুক দেবেন না;
- The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্বাবর-অস্বাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় তাকে জমা দিতে হবে;
- চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা / দৈনিক ভাতা পাবেন না;

চলমান পাতা-২

এ. এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

ট. এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধিবিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে জারিকৃত বিধিবিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

০২। উপরে বর্ণিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য হলে এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা বরাবর চাকরিতে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। উক্ত সময়ের মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

শাহিন  
(শাহিন ইসলাম, এনডিসি)  
মহাপরিচালক  
(অতিরিক্ত সচিব)  
ফোনঃ ৫৫০৭৯৪২৮

স্মারক নম্বর: ১৫.৫৫.০০০০.৩০১.২৮.১০৪.২২.৬ন০ (৩২)

তারিখ: ৩২ ফাল্গুন ১৪২৯  
২২ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। সকল পরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
- ৪। উপপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫। চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সকল উপপরিচালক বা সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
- ৭। সকল সহকারী পরিচালক বা সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
- ৮। জনাব মোঃ শফিকুল ইসলাম, পিতা: মোঃ আজহার আলী আকন্দ, মাতা: মৃত জোবেদা খাতুন, গ্রাম: পশ্চিম ভরণশাহী (থানা পাড়া), পোস্ট অফিস: ধুনট, পোস্ট কোড: ৫৮৫০, উপজেলা/থানা: ধুনট, জেলা: বগুড়া।
- ৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
- ১০। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
- ১১। সংশ্লিষ্ট নথি।

শাহিন ইসলাম  
২২/২/২০  
(শাহিন ইসলাম, এনডিসি)  
মহাপরিচালক  
(অতিরিক্ত সচিব)  
ফোনঃ ৫৫০৭৯৪২৮